

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

## অফিস আদেশ

বেগমগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজের ক্রাফট ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব মোঃ আবুল কাশেম এর জন্ম তারিখ- ৩১/১২/১৯৫৬ খ্রিঃ হওয়ায় তাঁর বয়স ৩০/১২/২০১৫ খ্রিঃ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হয়েছে। উল্লেখ্য যে, যথাযথভাবে প্রস্তাব প্রেরণ না করায় এ দপ্তরের স্মারক নং- টিএসসি/বেগম/পেনশন/১৮৮০/০৯/১০১৩(০৫) তারিখঃ ২৭/১২/২০১৫ খ্রিঃ মোতাবেক কেবলমাত্র অবসর গমনের অনুমতি প্রদান করা হয়। গণকর্মচারী (অবসর গ্রহণ) আইন, ১৯৭৪ এর সংশোধিত ৭ ধারা মোতাবেক তাঁকে ৩১/১২/২০১৫ খ্রিঃ তারিখ হতে নিম্নলিখিত ভাবে অবসর উত্তর (PRL) ছুটি ও ১৮ মাসের এককালীন অর্থ মঞ্জুর করা হলোঃ

(ক) গণকর্মচারী (অবসর আইন) ১৯৭৪ এর (৭) ধারা এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ (বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ) কর্তৃক ২৮/০৫/২০০৫ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেট নং-এস.আর.ও ১১৯-আইন/২০০৫/অম/অবি/(বাস্ত-১) জাঃ বেঃ স্কেল-১/২০০৫ এর ৬(১৩) মোতাবেক এবং জাতীয় বেতনস্কেল/২০১৫ এর ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী (২) এর (ক) মোতাবেক ৩১/১২/২০১৫ খ্রিঃ তারিখ হতে ৩০/১২/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ৩৬৫ দিন অর্থাৎ ১ (এক) বছর পূর্ণগড় বেতনে অবসর উত্তর ছুটি ভোগ করবেন।

(খ) জনাব মোঃ আবুল কাশেম এর চাকুরীকালীন সময়ে পূর্ণগড় বেতনে ৫৩৭ দিন এবং অর্ধগড় বেতনে ৯২২ দিন ছুটি পাওনা আছে। জাতীয় বেতনস্কেল/২০১৫ এর ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী (২) এর (খ) মোতাবেক মোতাবেক অবসর উত্তর (PRL) ছুটি মঞ্জুরীর পর অবশিষ্ট পূর্ণগড় বেতনে (৫৩৭ - ৩৬৫) ১৭২ দিন ছুটি এবং অর্ধগড় বেতনে ৯২২ দিনের ছুটি হতে ৭৪৬ দিনকে ৩৭৩ দিন পূর্ণগড় বেতনে রূপান্তরিত করে (১৭২ + ৩৭৩) ৫৪৫ দিন বা ১৮ মাসের বর্তমান মূলবেতনের সমপরিমাণ মূলবেতন (৩৭০৩০/- X ১৮ মাস) = ৬,৬৬,৫৪০/- (ছয় লক্ষ ছেষাট্টি হাজার পাঁচশত চল্লিশ) টাকা এককালীন আর্থিক অনুদান মঞ্জুর করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলোঃ

সংযুক্তঃ চাকুরী বহি -১ প্রস্থ।

স্বাক্ষরিত/-

(আ.ন.ম সালাহ উদ্দিন খান)

পরিচালক(পিআইইউ)

রুটিন দায়িত্ব পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- টিএসসি/বেগম/পেনশন/১৮৮০/০৯/ ৭৫৬ (৫)

তারিখঃ ০৫/০৬/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল।

০১। অধ্যক্ষ, বেগমগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।

০২। উপজেলা হিসাব রক্ষণ অফিসার, বেগমগঞ্জ, নোয়াখালী।

০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, তাকে এ অফিস আদেশ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। জনাব মোঃ আবুল কাশেম, ক্রাফট ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), বেগমগঞ্জ টেকনিক্যাল স্কুল ও কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।

০৫। সংরক্ষণ নথি।

(বি.এম. আমিনুল ইসলাম)

সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।